



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
পরিকল্পনা ও মূল্যায়ন
www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.১৭৪

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯

০৬ জুলাই ২০২২

বিষয়: ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র আরএডিপিভূক্ত উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচিসমূহের মে/২০২২ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

১.	২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচিসমূহের মে/২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৭/০৬/২০২২ তারিখে ট্রেনিং কমন্সেলভমেন্ট সভাকক্ষে সরাসরি ও জুম ক্লাউড প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), পরিচালক (গবেষণা), সকল প্রকল্প/ কর্মসূচি পরিচালক ও বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
২.	উপস্থাপনঃ সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা (চ.দা) আতিয়া রোখসানা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।
৩.	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ গত ১৭/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।
৪.	বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ
৪.১	৪.১.১ ২০২১-২২ অর্থ বছরে আরএডিপিতে অন্তর্ভুক্ত প্রত্যেকটি প্রকল্প ও কর্মসূচির কর্মপরিকল্পনা অনুযায়ী আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করার পাশাপাশি সকল কাজের গুণগত মান ও স্বচ্ছতা বজায় রাখতে মহাপরিচালক মহোদয় আবারও সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন এবং অর্থবছর শেষে প্রকল্প/কর্মসূচির আওতায় ক্রয়কৃত সকল পণ্য ও কার্যের বাস্তব অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করে পর্যবেক্ষণ ও সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন তৈরী করতে মনিটরিং কমিটিকে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এ প্রেক্ষিতে, ব্রিতে চলমান প্রকল্প/কর্মসূচিসমূহের পরিচালকগণ সভাকে জানান যে, ২০২১-২২ অর্থবছরের অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী তাদের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে এবং ৩০ জুন ২০২২ এর মধ্যে শতভাগ ব্যয় করতে সচেষ্ট হবেন। সভায় আগামি ২০২২-২৩ অর্থবছরে সকল প্রকল্প/কর্মসূচিসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা (রাজস্ব বাজেটসহ) প্রণয়ন ৩০ জুন ২০২২ এর মধ্যে এবং ক্রয়ের আওতায় পণ্য ও কার্যের স্পেসিফিকেশন প্রস্তুত করে জুলাই/২২ এর মধ্যে কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে প্রকল্প/কর্মসূচি পরিচালকসহ সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। এছাড়া অর্থবছর শুরুর পূর্বে দরপত্র আহবান এবং কার্যাদেশ দেওয়ার বিধি বিষয়ে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর সাথে যোগাযোগ করা হলে অর্থবছর শুরুর পূর্বেই দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদান করার পরামর্শ প্রদান করেন। মহাপরিচালক মহোদয় ব্রি'র ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সবসময় সচল/কার্যক্ষম রাখতে সুষ্ঠুভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য সেবা প্রদানকারী (Service Provider) প্রতিষ্ঠানসমূহের প্রস্তাবসমূহ পর্যালোচনা করে যুক্তিসঙ্গত মতামতের অগ্রগতি বিষয়ে জানতে চাইলে ব্রি'র গ্র্যাক্রিডিটেড ল্যাব কমিটির সভাপতি ড. মো: আব্দুল লতিফ সভাকে জানান যে, প্রয়োজনভিত্তিক যন্ত্রের মেরামত ও রক্ষণাবেক্ষণই অধিক ভাল হবে বলে গ্র্যাক্রিডিটেড ল্যাব কমিটি মতামত প্রদান করেছেন। এ পর্যায়ে মহাপরিচালক মহোদয় বিভিন্ন বিভাগে বিভিন্ন গবেষণায় ব্যবহৃত এসব ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদির আউটপুট আগামি বার্ষিক গবেষণা পর্যালোচনা সভায় নিজ নিজ বিভাগীয় প্রধানগণকে উপস্থাপন করতে এবং বিজ্ঞানীদের ল্যাব যন্ত্রের ব্যবহারের উপর গুরুত্ব দিয়ে বার্ষিক গবেষণা পরীক্ষণ দেওয়ার জন্য নির্দেশ প্রদান করেন। ফসল পঞ্জিকার আলোকে দেশের বিভিন্ন অঞ্চলের ধানভিত্তিক শস্য বিন্যাসকে গুরুত্ব দিয়ে অস্টিমাম সময়ে বপন ও অন্যান্য কৃষিতাত্ত্বিক ব্যবস্থাপনার উপর জোর দিয়ে ধানের উৎপাদনশীলতা বৃদ্ধি করতে আরএফএস বিভাগসহ সংশ্লিষ্টদের মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশনা প্রদান করেন। মহাপরিচালক মহোদয় কর্মসূচির অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে কর্মসূচির পরিচালকগণ তাদের কার্যক্রমের অগ্রগতি বিস্তারিতভাবে ব্যক্ত করেন যা নিম্নে দেওয়া হলো।
৪.১.১.১	'বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণাগারকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য গ্র্যাক্রিডিটেড গবেষণাগারে উন্নীত করণ' শীর্ষক কর্মসূচির আওতায় গ্র্যাক্রিডিটেড ল্যাবে বর্তমানে মাটি পানি, ধান, ধানের কুড়া, চাল এবং চালজাত খাদ্য ও তেলে ব্যবহৃত ক্ষতিকারক ভারী ধাতু, টক্সিন এবং বালাইনাশকের অবশিষ্টাংশ পরিমাপ করা হচ্ছে। কর্মপরিকল্পনা মোতাবেক ইতোমধ্যে শতভাগ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান।
৪.১.১.২	'পরিবর্তিত জলবায়ুতে ধানের প্রধান রোগবালাই (ব্লাস্ট, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া এবং টুংরো) দমন গবেষণা কার্যক্রম জোরদারকরণ স্কিম' শীর্ষক কর্মসূচির আওতায় ইতোমধ্যে ৮৪০ জন কৃষককে প্রশিক্ষণ, কেমিক্যাল, অফিস সরঞ্জামাদি ও ল্যাবরটরী যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। কর্মপরিকল্পনা মোতাবেক অবশিষ্ট কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে এবং ৩০ জুন/২০২২ এর মধ্যে শতভাগ ব্যয় হবে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান।
৪.১.১.৩	'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ' শীর্ষক কর্মসূচির পরিচালক সভাকে জানান যে, কর্মপরিকল্পনা মোতাবেক অবশিষ্ট কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে এবং ৩০ জুন/২০২২ এর মধ্যে শতভাগ ব্যয় হবে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান।

	<p>৪.১.১.৪ 'নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ' শীর্ষক কর্মসূচির আওতায় কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণের উপর ১০টি প্রদর্শনী, ২টি মাঠ দিবস ও ২টি ডিলার সিটিং এবং গবেষণাগার যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। এছাড়া কর্মপরিকল্পনা মোতাবেক ইতোমধ্যে শতভাগ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান।</p>
	<p>৪.১.১.৫ 'উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ' শীর্ষক কর্মসূচির কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে এবং ৩০জুন/২০২২ এর মধ্যে শতভাগ ব্যয় হবে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান। এ প্রেক্ষাপটে ধান উৎপাদনকে সামনে রেখে ধানের অনুকূল আবহাওয়া/পরিবেশ এবং পানির সহজলভ্যতা বিবেচনা করে অঞ্চলভিত্তিক ধানভিত্তিক ফসল বিন্যাসকে গুরুত্ব দিয়ে ধানের উৎপাদন বৃদ্ধির উপর জোর দেওয়ার জন্য কর্মসূচি পরিচালকসহ সংশ্লিষ্টদের মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।</p>
	<p>৪.১.২ ব্রির রাইস মিউজিয়াম সমৃদ্ধ করতে ব্রির সকল স্তরের বিজ্ঞানীগণ বিভিন্ন কার্যক্রম যেমন প্রায়োগিক ট্রায়াল/প্রদর্শনী/মাঠদিবস/কৃষক প্রশিক্ষণসহ অন্যান্য কাজে যখন দেশের বিভিন্ন জেলায় ভ্রমণ করবেন তখন তাদেরকে এসব জেলার ধান ও ধানভিত্তিক সংস্কৃতি/ঐতিহ্য এবং ধান উৎপাদনে প্রাচীন ব্যবহার্য তৈজসপত্র/উপকরণ সংগ্রহ অব্যাহত রাখতে এবং প্রয়োজনে তৈজসপত্র/উপকরণসমূহ স্থানীয়ভাবে প্রস্তুতকারকদের মাধ্যমে তৈরী করে সংগ্রহ করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এছাড়া ব্রি'র সাবেক বিজ্ঞানীদের ডিজিটাল পোর্টরেট/ছবি দিয়ে ডকুমেন্টারি তৈরী করে তা মিউজিয়ামে সংরক্ষণ করা এবং প্রতি এডিপি সভা শেষে ব্রি কর্তৃপক্ষসহ সকল বিভাগ, শাখা, আঞ্চলিক কার্যালয় প্রধানগণ রাইস মিউজিয়াম পরিদর্শন করে তা সমৃদ্ধ করতে মূল্যবান মতামত প্রদানের বিষয়েও আলোচনা হয়।</p>
৪.২	<p>৪.২.১ প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের আওতায় কৃষি যান্ত্রিকীকরণ জনপ্রিয় করতে ও ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে একটি করে মেকানাইজড ভিলেজ গড়ার প্রক্রিয়াটি চলমান আছে এবং ইতোমধ্যে নয়টি আঞ্চলিক কার্যালয়ের আওতায় নয়টি গ্রামে নয়জন উদ্যোক্তাকে যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে এবং সেখানে মেকানাইজেশনের মাধ্যমে চাষাবাদ হচ্ছে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান। এ প্রসঙ্গে সিরাজগঞ্জ আঞ্চলিক কার্যালয় প্রধান সভাকে জানান যে তার এলাকায় প্রকল্পের আওতায় মেকানাইজড ভিলেজে সরবরাহকৃত থ্রেসার মেশিন যথাযথভাবে কাজ করছে না। এ প্রেক্ষাপটে, মহাপরিচালক মহোদয় মেকানাইজড ভিলেজে উদ্যোক্তাদের নিকট যন্ত্র সরবরাহের পূর্বে আঞ্চলিক কার্যালয়ে যন্ত্রের কার্যকারিতা পরীক্ষা করে সরবরাহ করতে প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন। এছাড়া মহাপরিচালক মহোদয় মেকানাইজড ভিলেজ কার্যক্রমটি বাস্তবায়নের ক্ষেত্রে অবশ্যই সঠিক স্থান, সঠিক ব্যক্তি/উদ্যোক্তা নির্বাচনে প্রাধান্য দিতে হবে এবং কার্যক্রমটি প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে বাস্তবায়ন করতে আবারও নির্দেশ প্রদান করেন। উক্ত কার্যক্রমটি সঠিকভাবে বাস্তবায়নে এফএমপিএচটি বিভাগ এবং প্রকল্প পরিচালক যন্ত্রপাতি, দক্ষ জনবল, প্রশিক্ষণসহ যাবতীয় কারিগরী ও অন্যান্য লজিস্টিক সাপোর্ট প্রদান করবে মর্মে আবারও নির্দেশনা দেন। এছাড়া মেকানাইজড ভিলেজ নিয়মিত পরিদর্শন করে তার ফিডব্যাক প্রদানের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে নির্দেশনা দেওয়া হয়।</p>
	<p>৪.২.২ চলতি বোরো মওসুমে আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মেকানাইজড ভিলেজে কৃষকের মাঠে সমলয় পদ্ধতিতে (Synchronized Cultivation) রোপনকৃত ধান মেকানাইজড পদ্ধতিতে কর্তনের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধান এবং প্রকল্প পরিচালককে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।</p>
৪.৩	<p>৪.৩.১ বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রদর্শনী পর্যায়ক্রমে প্রতিটি ব্লকে ব্লক আকারে করতে এবং প্রদর্শনীর ফলে জাতের সম্প্রসারণ বৃদ্ধির হারের পর্যবেক্ষণ পরিচালক (গবেষণা) এর তত্ত্বাবধানে ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগকে অব্যাহত রাখতে এবং উপরোক্ত বিভাগসমূহকে প্রদর্শনীর ডাটাবেইস তৈরীর কাজ দ্রুত সম্পন্ন হবে বলে পরিচালক (গবেষণা) সভাকে জানান। এ প্রসঙ্গে মহাপরিচালক মহোদয় এ সকল প্রদর্শনী স্থাপনের ফলে চাষাবাদ এলাকার বৃদ্ধি ও উৎপাদনের উপর প্রভাব বিষয়ক স্টাডি করে সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতা নিয়ে লেখনী তৈরী করতে কৃষি অর্থনীতি বিভাগকে নির্দেশনা প্রদান করেন।</p>
	<p>৪.৩.২ প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে চলতি বোরো মওসুমে ব্রির গবেষণা মাঠে ও কৃষকের মাঠে ফসল কর্তনের সময় জাতের নাম, প্রতি হেক্টর ফলন ও বোরো মওসুমে ধান উৎপাদনে সমস্যা সহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদির তথ্য সংগ্রহ করে প্রতিবেদন প্রস্তুত করে অতি দ্রুত পরিচালক(গবেষণা) এর নিকট জমা দেওয়ার জন্য মহাপরিচালক মহোদয় সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।</p>
৪.৪	<p>প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি (এফএমপিএইচটি) বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি নিয়ে সভায় আলোচনা করা হয়।</p>
৪.৫	<p>৪.৫.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্থানীয় ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, রাধুণী পাগল, টপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন স্থানীয় জাতের গবেষণা অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়।</p>
	<p>৪.৫.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী ধানের গবেষণা কাজের অগ্রগতি নিয়ে ড. এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, সভাকে জানান যে, স্থানীয় জাত গুলির সাথে ক্রসিং এর মাধ্যমে Rapid Elongating উন্নত জলি আমনের জাত উদ্ভাবনের কার্যক্রম চলমান আছে যা ১-৩ মিঃ গভীর পানিতে চাষ করা যাবে। তিনি আরও বলেন যে, Semi-Deep এলাকার উপযোগী ব্রি ধান ৯১ এর কৃষকের মাঠে স্থাপিত ট্রায়ালের ফলাফলের ভিত্তিতে জাতটির গ্রহণযোগ্যতা প্রমাণিত হয়েছে। এ জাতটির বীজ কৃষকদের নিকট হতে সংগ্রহ করে বিভিন্ন স্থানে প্রদর্শনী করা হচ্ছে। তিনি বলেন যে, জাতটির ব্রিডার বীজ সংরক্ষণ ও উৎপাদনের কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়া Semi-Deep ও Medium, Stagnant এলাকার উপযোগী ALART এর ফলাফলের ভিত্তিতে ২টি জাত/লাইন চূড়ান্তকরণের জন্য ব্যবস্থা নেয়া হবে। এই লাইন ২টি ব্রি ধান ৯১ এর টয়ে বেশী ফলন দেবে এবং Medium Stagnant এলাকার চাষ করা যাবে।</p>
	<p>৪.৫.৩ নওগাঁ অঞ্চলের জিরা ও কুষ্টিয়ার মিনিকেট ধান সংগ্রহ করে পিওর লাইন নির্বাচনের বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয় যা গবেষণা সংক্রান্ত পরবর্তী সভায় আলোচনা করা হবে মর্মে মহাপরিচালক মহোদয় উল্লেখ করেন।</p>
৪.৬	<p>প্রধান কার্যালয়ের যে সকল গবেষণা বিভাগের অগ্রগতির রূপান্তর (Transformation) বিষয়ক উপস্থাপনা এখনও ব্রি ওয়েব সাইটে আপলোড করা হয় নাই সেগুলো খুব দ্রুত আপলোড করার জন্য সিস্টেম এনালিস্টকে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন এবং আগামি সভায় বরিশাল, রাজশাহী ও কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণকে তাদের নিজ নিজ কার্যালয়ের গবেষণা বিষয়ক অগ্রগতির রূপান্তর (Transformation) উপস্থাপন করার জন্য আবারও নির্দেশ প্রদান করেন।</p>

৫. ২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচি তিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী মে/২০২২ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

(ক) উন্নয়ন বাজেটের অগ্রগতিঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২১-২২ অর্থ বছরের আরএডিপি'তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট আরএডিপি বরাদ্দ ১২০০.০০ লক্ষ টাকা। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। মে/২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১০৫.০০ লক্ষ টাকা; যা বরাদ্দের ৮.৭৮% মাত্র। গত অর্থবছরে আরএডিপি বরাদ্দ ছিল

৫০২০.০০ লক্ষ টাকা। মে/২১ পর্যন্ত ব্যয় হয়েছিল ৭৪.০০% (৩৭১৪.৭১ লক্ষ টাকা)। ২০২১-২০২২ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ১২টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মে/২০২২ পর্যন্ত ১২টি দরপত্রেরই আহবান এবং কার্যাদেশ সম্পন্ন হয়েছে।

(খ) ২০২১-২০২২ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
১. উন্নয়ন প্রকল্প				
১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	১০টি	৮৪৭.০০	১০টি	১০টি
১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প	২টি	১২.০০	২টি	২টি
উপমোট (প্রকল্প)	১২টি	৮৫৯.০০	১২টি	১২টি
২. উন্নয়ন কর্মসূচি				
২.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণাগারকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য এ্যাক্রিডিটেড গবেষণাগারে উন্নীতকরণ	২টি	২৯.৯০	২টি	২টি
২.২ পরিবর্তিত জলবায়ুতে ধানের প্রধান রোগবলাই (ব্লাস্ট, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া এবং টুংরো) দমন গবেষণা কার্যক্রম জোরদারকরণ স্কিম (কর্মসূচি)	৩টি	১১৪.৫০	৩টি	৩টি
২.৩ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ	১টি	৫.৫০	১টি	১টি
২.৪ নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ	১টি	৩১২.০০	১টি	১টি
২.৫ উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ	৫টি	৪২.১৮	৫টি	৫টি
২.৬ ব্রি'র আঞ্চলিক কার্যালয় কুমিল্লার গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদার করার মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ কর্মসূচির	৫টি	১৩৮.৮০	৫টি	-
২.৭ ব্রি'র আঞ্চলিক কার্যালয় সোনাগাজী, ফেনীর গবেষণা কার্যক্রম জোরদারকরণ ও টেকসই ধান প্রযুক্তি উদ্ভাবন/উন্নয়ন কর্মসূচির	৭টি	৮৪.০০	৭টি	-
উপমোট (কর্মসূচি)	২৪টি	৭২৬.৮৮	২৪টি	১২টি
সর্বমোট (১+২)	৩৬টি	১৫৮৫.৮৮	৩৬টি	২৪টি

(গ) ২০২১-২০২২ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) মে/২০২২ পর্যন্ত	মে/২০২২ পর্যন্ত অগ্রগতি		মে/ ২২ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	গত বছরের মে/২০২২ পর্যন্ত সময়ে অগ্রগতি মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৯০০.০০ (৯০০.০০) (-)	৯০০.০০(১০০.০০) ৯০০.০০(১০০.০০) -	৮৩০.০০(৯২.২২) ৮৩০.০০(৯২.২২) -	৭৩০.০০(৮৫.৮৮) ৭৩০.০০(৮৫.৮৮) -	৯৩.০০%
১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প	৩০০.০০ (৩০০.০০) (-)	৩০০.০০(১০০.০০) ৩০০.০০(১০০.০০) -	২৪৫.০০(৮১.৬৭) ২৪৫.০০(৮১.৬৭) (-)	- - -	৮২.০০%
উপমোট = ২টি প্রকল্প	১২০০.০০ (১২০০.০০) (-)	১২০০.০০(১০০.০০) ১২০০.০০(১০০.০০) -	১০৭৫.০০(৮৯.৫৮) ১০৭৫.০০(৮৯.৫৮) -	৩৭১৪.৭১(৭৪.০০) ৩৭১৪.৭১(৭৪.০০) -	-
২. উন্নয়ন কর্মসূচি					
২.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণাগারকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য এ্যাক্রিডিটেড গবেষণাগারে উন্নীতকরণ (মোট বরাদ্দ- ৯০৬.০০ লক্ষ টাকা)	৩৭.৯০ (৩৭.৯০) (-)	৩৭.৯০ (১০০.০০) ৩৭.৯০ (১০০.০০) -	৩৭.৯০ (১০০.০০) ৩৭.৯০ (১০০.০০) -	৭২৬.০৬(৯৭.৯৬) ৭২৬.০৬(৯৭.৯৬) -	১০০.০০%
২.২ পরিবর্তিত জলবায়ুতে ধানের প্রধান রোগবলাই (ব্লাস্ট, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া এবং টুংরো) দমন গবেষণা কার্যক্রম জোরদারকরণ (মোট বরাদ্দ- ৫৮৪.৫০ লক্ষ টাকা)	১১৪.৫০ (১১৪.৫০) (-)	১১৪.৫০ (১০০.০০) ১১৪.৫০ (১০০.০০) -	৮৫.৮৭৫ (৭৫.০০) ৮৫.৮৭৫ (৭৫.০০) -	২১৬.৫৯ (৬১.০১) ২১৬.৫৯ (৬১.০১) -	৯৫.০০%

২.৩ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ (মোট বরাদ্দ- ১৮১.৩০ লক্ষ টাকা)	১০০.৯০ (১০০.৯০) (-)	১০০.৯০ (১০০.০০) ১০০.৯০ (১০০.০০) -	৯০.০০ (৮৯.২০) ৯০.০০ (৮৯.২০) -	২.০০ (৩৩.৩৩) ২.০০ (৩৩.৩৩) -	৯৫.০০%
২.৪ নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ (মোট বরাদ্দ- ৫৪৬.৯০ লক্ষ টাকা)	৩১৭.৯০ (৩১৭.৯০) (-)	৩১৭.৯০ (১০০.০০) ৩১৭.৯০ (১০০.০০) (-)	৩১৭.৯০(১০০.০০) ৩১৭.৯০(১০০.০০) (-)	২.০০ (১০০.০০) ২.০০ (১০০.০০) (-)	১০০.০০%
২.৫ উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ (মোট বরাদ্দ- ৪২২.০০ লক্ষ টাকা)	২২২.০০ (২২২.০০) (-)	২২২.০০ (১০০.০০) ২২২.০০ (১০০.০০) (-)	২০১.০০ (৯০.৫৪) ২০১.০০ (৯০.৫৪) (-)	৩.৫০ (৬৩.৬৪) ৩.৫০ (৬৩.৬৪) (-)	৯৫.০০%
২.৬ নতুন প্রজন্মের ধান (সি-ফোর রাইস) গবেষণা অব্যাহত রাখা এবং গবেষণা সক্ষমতা বৃদ্ধিকরণ (মোট বরাদ্দ ৮০৮.০৫ লক্ষ টাকা)	১১.০০ (১১.০০) (-)	১১.০০ (১০০.০০) ১১.০০ (১০০.০০) (-)	৬.২৮ (৫৭.০৯) ৬.২৮ (৫৭.০৯) (-)	- - -	৭০.০০%
২.৭ ব্রি'র আঞ্চলিক কার্যালয় কুমিল্লার গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদার করার মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ (মোট বরাদ্দ ৬৮৫.০০ লক্ষ টাকা)	৮৫.০০ (৮৫.০০) (-)	২১.২৫ (২৫.০০) ২১.২৫ (২৫.০০) (-)	৬.২৫ (৭.৩৫) ৬.২৫ (৭.৩৫) (-)	- - -	১০.০০%
২.৮ ব্রি'র আঞ্চলিক কার্যালয় সোনগাজী, ফেনীর গবেষণা কার্যক্রম জোরদারকরণ ও টেকসই ধান প্রযুক্তি উদ্ভাবন/উন্নয়ন (মোট বরাদ্দ ৪৮৪.০০ লক্ষ টাকা)	১২৪.০০ (১২৪.০০) (-)	৩১.০০ (২৫.০০) ৩১.০০ (২৫.০০) (-)	১০.০০ (৮.০৬) ১০.০০ (৮.০৬) (-)	- - -	১০.০০%
উপমোট = ৮টি কর্মসূচি (মোট বরাদ্দ- ৪৬১৭.৭৫ লক্ষ টাকা)	(১০১৩.২০) (১০১৩.২০) (-)	৮৫৬.৪৫ (৮৪.৫৩) ৮৫৬.৪৫ (৮৪.৫৩) (-)	৭৫৫.২১ (৭৪.৫৪) ৭৫৫.২১ (৭৪.৫৪) (-)	১০২৩.৬৮(৮৮.৯৭) ১০২৩.৬৮(৮৮.৯৭) (-)	-
৩. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১১২১৪.৯৯ ১১২১৪.৯৯ (-)	১১২১৪.৯৯(১০০.০০) ১১২১৪.৯৯(১০০.০০) (-)	৯৯৬৩.৯২(৮৮.৮৪) ৯৯৬৩.৯২(৮৮.৮৪) (-)	৯৭৫৬.৪০(৮৮.৩৫) ৯৭৫৬.৪০(৮৮.৩৫) (-)	৯০.০০%
উপমোট	১১২১৪.৯৯ ১১২১৪.৯৯ (-)	১১২১৪.৯৯(১০০.০০) ১১২১৪.৯৯(১০০.০০) (-)	৯৯৬৩.৯২(৮৮.৮৪) ৯৯৬৩.৯২(৮৮.৮৪) (-)	৯৭৫৬.৪০(৮৮.৩৫) ৯৭৫৬.৪০(৮৮.৩৫) (-)	-
সর্বমোট (১+২+৩)	১৩৪২৮.১৯ ১৩৪২৮.১৯ (-)	১৩২৭১.৪৪ (৯৮.৮৩) ১৩২৭১.৪৪ (৯৮.৮৩) (-)	১১৭৯৪.১৩(৮৭.৮৩) ১১৭৯৪.১৩(৮৭.৮৩) (-)	১৪৪৯৪.৭৯(৮৩.৯৪) ১৪৪৯৪.৭৯ (৮৩.৯৪)(-)	-

ঘ) বিবিধ

১. নন-এডিপিভুক্ত প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন প্রতিবেদন:

(Tk in Lakh)

Sl No	Project title and Period	Name of the PD/PI/ Coordinator	Source of Fund	Component/ Collaborative Org.	Total Project Cost	Progress upto May/2022 (%)
1.	Transforming Rice Breeding in Bangladesh: Institutional Capacity Building (Second Phase) (BRR-Part) (01December 2019 to 31 December 2023)	Dr. Md. Shahjahan Kabir, Director General/Dr.Khandakar Md Iftekharuddaula, CSO, PBD	Bill and Melinda Gates Foundation (BMGF)	(IRRI)	3364.00	1622.00 (48.21%)

2.	Upscaling of Improved Water Management Practices for Sustainable Productivity in the Haor areas. (18 Nov 2021 to 17 Nov 2024)	Dr. Md. Mahbubul Alam, SSO, IWMD	KGF	N/A	58.25	5.00 (8.58%)
3.	Intervention in surface water utilization through integrated minor irrigation schemes for escalating water and land productivity in coastal region. (March, 2021 to February, 2024)	Dr. Mir Nurul Hasan Mahmud SSO, IWMD	KGF	N/A	115.00	30.25 (26.30%)
4.	Modeling climate change impact on agriculture and developing mitigation and adaptation strategies for sustaining agricultural production in Bangladesh (BRRI-Part) Dec 2020 to Nov 2023)	Dr. Md. Maniruzzaman, PSO,IWMD/ Dr. Umme Aminun Naher, PSO,SSD	KGF	BARI, BSMRAU, BAU & KGF	366.30 (Joint Fund)	65.00 (17.74%)
5.	Mitigating risk and scaling-out profitable cropping system intensification practices in the salt-affected coastal zones of the Ganges Delta (Nov 2021 to Oct 2024)	Dr. Md. Maniruzzaman, PSO, IWMD	ACIAR, Australia & KGF, Bangladesh (KGF part only for BRRI & BARI)	BARI & Shushilan, Bangladesh; & CSSRI, BCKV and TSRD, India; CSIRO & MU, Australia	ACIAR 102,000 AU\$ KFG part 100,000 AU\$ (will start from July 2022)	ACIAR part received 20,000 AU\$ (11.67 Lakh Tk.) (19.61%)
6.	Validation and up-scaling of rice transplanting and harvesting technology in the selected sites of Bangladesh (04/11/2021 to 03/11/2024)	Dr. Md. Anwar Hossen,SSO, FMPHTD	KGF	N/A	90.37 lakh	6.5 lakh and 7.25%

7.	T. Aman rice-Mustard-Patshak-Aus rice cropping pattern for Mymensingh (BRRI-Part) (March-Dec. 2022)	Dr. Md. Ibrahim,PSO, RFSD	NATP	BARC	8.00	Received: 3.15 Expend: 3.14 and 99.68%
8.	Novel plant growth promoting (PGP) bacterial and fungal bio pesticides for sustainable management of bacterial blight of rice (BRRI-Part) (March-Dec. 2022)	Dr. Md. Ibrahim,PSO, RFSD	NATP	BARC	6.60	Received: 2.5 Expend: Will start in Aman'22
9.	Formulation of energy dense rice biscuit (BRRI-Part) (March-Dec. 2022)	Dr. Md. Ibrahim,PSO, RFSD	NATP	BARC	2.51	Received: 1.005 Expend: Will start soon
10.	Rice-Potato-jute cropping pattern for Productivity Enhancement in the sitmahal of Northern Bangladesh(BRRI-Part) (March-Dec. 2022)	Dr. Md. Ibrahim,PSO, RFSD	NATP	BARC	7.85	Received: 2.92 Expend: 2.89 (98.97%)
11.	Sustainable management of blast, sheath blight and bacterial blight diseases of rice through nano-particles(BRRI-Part) (Dec. 2020 to Dec. 2023)	Dr. MA Latif, CSO, Plant Pathology	KGF	Dhaka University, Kushtia Islamic University	397.3	310.00 (78.00%)
12.	Development of blast resistance and N use efficient variety (BRRI-Part) (March 2021 to February 2022)	PI: Dr. MA Latif, CSO, Plant Pathology	JIRCAS, Japan	JIRCAS, Japan and Plant Breeding Division, BRRI	5.12Tk/year (Every year need to renew the activities and budget)	5.12 (100.00)%
13.	Effect of Temperature on Growth and Sporulation of Major Rice Pathogens (Nov 2021 to Oct 2022)	Dr. M Ashik Iqbal Khan, PSO, Plant Pathology	KGF	IWM, BRRI	0.80/year (Every year need to renew the activities and budget)	100%

৬. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
১.	১.১ ২০২১-২২ অর্থবছরে আরএডিপিতে অন্তর্ভুক্ত প্রত্যেকটি প্রকল্প ও কর্মসূচির কর্মপরিকল্পনা অনুযায়ী এডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করার পাশাপাশি সকল কাজের গুণগত মান ও স্বচ্ছতা বজায় রাখতে হবে।	সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ/ নির্বাহী প্রকৌশলী
	১.২ ২০২১-২২ অর্থবছর শেষে প্রকল্প/কর্মসূচির আওতায় ক্রয়কৃত সকল পণ্য ও কার্যের বাস্তব অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করে পর্যবেক্ষণ ও সুপারিশ আগামি সভায় উপস্থাপন করবে।	সংশ্লিষ্ট মনিটরিং কমিটি
	১.৩ আগামি ২০২২-২৩ অর্থবছরে সকল প্রকল্প/কর্মসূচিসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা (রাজস্ব বাজেটসহ) প্রণয়ন ৩০ জুন ২০২২ এর মধ্যে এবং ক্রয়ের আওতায় পণ্য ও কার্যের স্পেসিফিকেশন প্রস্তুত করে জুলাই/২২ এর মধ্যে কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ/ নির্বাহী প্রকৌশলী/সহকারী পরিচালক(সংগ্রহ)
	১.৩ ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সবসময় সচল/কার্যক্ষম রাখতে সুষ্ঠুভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য এ্যাক্রিডিটেড ল্যাব কমিটির প্রয়োজনভিত্তিক যন্ত্রের মেরামত ও রক্ষণাবেক্ষণ মতামতকে বিবেচনায় নিয়ে পরিবর্তী সময়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বিভিন্ন বিভাগে বিভিন্ন গবেষণায় ব্যবহৃত ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদির আউটপুট আগামি বার্ষিক গবেষণা পর্যালোচনা সভায় নিজ নিজ বিভাগীয় প্রধানগণকে উপস্থাপন করতে এবং বিজ্ঞানীদের ল্যাব যন্ত্রের ব্যবহারের উপর গুরুত্ব দিয়ে বার্ষিক গবেষণা পরীক্ষণ দিতে হবে।	পরিচালক(গবেষণা), এ্যাক্রিডিটেড ল্যাব কমিটি এবং সকল বিভাগীয় প্রধান
	১.৪ ব্রি রাইস মিউজিয়াম সমৃদ্ধ করতে ব্রি সকল স্তরের বিজ্ঞানীগণ বিভিন্ন কার্যক্রম যেমন প্রায়োগিক ট্রায়াল/প্রদর্শনী/মাঠদিসব/কৃষক প্রশিক্ষণসহ অন্যান্য কাজে বিভিন্ন জেলায় ভ্রমণ করলে এসব জেলার ধান ও ধানভিত্তিক সংস্কৃতি/ঐতিহ্য এবং ধান উৎপাদনে প্রাচীন ব্যবহার্য তৈজসপত্র/উপকরণ সংগ্রহ করবে এবং প্রয়োজনে তৈজসপত্র/উপকরণসমূহ স্থানীয়ভাবে প্রস্তুতকারকদের মাধ্যমে তৈরী করার কার্যক্রম চলমান থাকবে।	বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণসহ সকল বিজ্ঞানী
২.	২.১ প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের আওতায় কৃষি যান্ত্রিকীকরণ জনপ্রিয় করতে ও ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে একটি করে মেকানাইজড ভিলেজ গড়তে হবে এবং মেকানাইজড ভিলেজে উদ্যোক্তাদের নিকট যন্ত্র সরবরাহের পূর্বে আঞ্চলিক কার্যালয়ে যন্ত্রের কার্যকারিতা পরীক্ষা করে সরবরাহ করতে হবে। এছাড়া “মেকানাইজড ভিলেজ” কার্যক্রমটি প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে বাস্তবায়ন করতে হবে এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানকে মেকানাইজড ভিলেজ কার্যক্রম নিয়মিত পরিদর্শন করে প্রকল্প পরিচালককে তার ফিডব্যাক প্রদান করবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
	২.২ আসন্ন আমন মওসুমে আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মেকানাইজড ভিলেজে কৃষকের মাঠে সমন্বয় পদ্ধতিতে (Synchronized Cultivation) ধান রোপনের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধান এবং প্রকল্প পরিচালককে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।	সকল আঞ্চলিক কার্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.	৩.১ বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রতিটি ব্লকে পর্যায়ক্রমে ব্লক আকারে প্রদর্শনী করতে হবে এবং প্রদর্শনীর ফলে জাতের সম্প্রসারণ বৃদ্ধির হারের পর্যবেক্ষণ পরিচালক (গবেষণা) এর তত্ত্বাবধানে ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ কে অব্যাহত রাখতে এবং উপরোক্ত বিভাগসমূহকে প্রদর্শনীর ডাটাবেইস তৈরীর কাজ চলমান থাকবে। এছাড়া প্রদর্শনীর ফলে উৎপাদন এলাকা এবং উৎপাদনের উপর প্রভাব বিষয়ক স্টাডি করে সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতা নিয়ে কৃষি অর্থনীতি বিভাগকে লেখনী তৈরি করতে হবে।	পরিচালক (গবেষণা), ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ
	৩.২ প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে চলতি বোরো মওসুমে ব্রি গবেষণা মাঠে ও কৃষকের মাঠে ফসল কর্তনের সময় জাতের নাম, প্রতি হেক্টর ফলন ও বোরো মওসুমে ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদির তথ্য সংগ্রহ করে একটি প্রতিবেদন পরিচালক (গবেষণা) এর নিকট প্রেরণ করবেন।	সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
৪.	প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ
৫.	৫.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের স্থানীয় জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, রাধুনী পাগল, বিরই, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন জাতের মধ্য থেকে সম্ভাবনাময় জাত পেলে পিওর লাইন নির্বাচনের মাধ্যমে অথবা স্থানীয় জাতগুলো ক্রসিং করে আরও উন্নতমানের ধানের জাত উদ্ভাবন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ এবং কোলি সম্পদ ও বীজ বিভাগ
	৫.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ, সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, ফুলকুড়ি, ফরিদপুরের খইয়া মটর এবং সিরাজগঞ্জের সড়সড়িয়া অন্যান্য সংগ্রহকারী স্থানীয় জাতসমূহ থেকে পিওর লাইন নির্বাচন করে নতুন নতুন জাত উদ্ভাবন ও তা সংরক্ষণের পাশাপাশি এসব জাতসমূহের আলোক সংবেদনশীলতা পরীক্ষা করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, ড. এ এস এম মাসুদজামান, সিএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ, বিভাগীয় প্রধান, কোলি সম্পদ ও বীজ বিভাগ এবং উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ
৬.	প্রধান কার্যালয়ের যে সকল গবেষণা বিভাগের অগ্রগতির রূপান্তর (Transformation) বিষয়ক উপস্থাপনা এখনও ব্রি ওয়েব সাইটে আপলোড করা হয় নাই সেগুলো খুব দ্রুত আপলোড করার পাশাপাশি আগামি সভায় বরিশাল, রাজশাহী ও কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণকে তাদের নিজ নিজ কার্যালয়ের গবেষণা বিষয়ক অগ্রগতির রূপান্তর (Transformation) উপস্থাপন করতে হবে।	সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল এবং আঞ্চলিক কার্যালয় প্রধানগণ

৭.	ননএডিপিডুক্ত সকল প্রকল্পের অনুমোদন এবং বাস্তবায়ন পর্যায়ে আর্থিক ও প্রশাসনিক সংক্রান্ত যাবতীয় বিষয়াদি বিভাগীয় প্রধান, পরিচালক এবং মহাপরিচালক মহোদয়কে অবহিত করে কার্যক্রম পরিচালনা করতে হবে এবং অগ্রগতি সংক্রান্ত তথ্য প্রতিমাসের ৩ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করতে হবে।	সকল ননএডিপিডুক্ত প্রকল্প পরিচালক
৮.	আসন্ন আমন মওসুমে বন্যা কবলিত এলাকায় বন্যা পরিবর্তী সময়ে বীজ বিতরণের লক্ষ্যকে সামনে রেখে নাজীজাতসহ অন্যান্য জাতের বীজ সংরক্ষণ করে রাখতে হবে।	সকল আঞ্চলিক কার্যালয়

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



৭-৭-২০২২

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০

ফ্যাক্স: ৪৯২৭২০০০

ইমেইল: dg@brrri.gov.bd

সকল প্রকল্প/কর্মসূচি পরিচালক, আঞ্চলিক
কার্যালয়/বিভাগীয়/ শাখা প্রধান ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ,
ব্রি।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.১৭৪/১(৪)

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯

০৬ জুলাই ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পিএ/স্টেনোগ্রাফার, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ২) এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চলতি দায়িত্ব), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৩) স্টাট মুদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর, গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ব্রি (ওয়েবসাইটে প্রকাশের জন্য)



৭-৭-২০২২

আতিয়া রোখসানা

প্রিন্সিপাল প্লানিং অফিসার (চলতি দায়িত্ব)